# গৃহঋণ বার্তা

বিএইচবিএফসি'র ত্রৈমাসিক বুলেটিন

"সমস্ত সরকারী কর্মচারীকেই আমি অনুরোধ করি, যাদের অর্থে আমাদের সংসার চলে তাদের সেবা করুন"।

— বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন

১০ম বর্ষ
৩য় সংখ্যা

জুলাই-সেপ্টেম্বর
২০২১খ্রি.


## অনলাইন জমা সংগ্রহ পদ্ধতি সংক্রান্ত সভা অনুষ্ঠিত



সভার প্রাক্কালে সিএজি (ডানে প্রথম) মহোদয়ের সাথেঃ এফআইডি'র অতি. সচিব (ডানে দ্বিতীয়), বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক (বাঁয়ে দ্বিতীয়) এবং ঋণ বিভাগের মহাব্যবস্থাপক

গত ৮ সেপ্টেম্বর বুধবার বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (সিএজি) মহোদয় জনাব মোহাম্মদ মুসলিম চৌধুরী-এর সভাপতিত্বে তাঁর কার্যালয়ে বিএইচবিএফসি'র রিপেমেন্ট সেবা সহজিকরণ বিষয়ে উচ্চ পর্যায়ের এক সভা অনুষ্ঠিত হয়। সভায় আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (এফআইডি)-এর অতিরিক্ত সচিব জনাব মো. হারুন অর রশিদ মোল্লা, বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আফজাল করিম, উপ-কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, বানিজ্যিক অডিট অধিদপ্তরের মহাপরিচালক এবং এফআইডি, বিএইচবিএফসি ও সোনালী ব্যাংকের উর্ধ্বতন নির্বাহী ও আইটি বিশেষজ্ঞগণ উপস্থিত ছিলেন।

সম্প্রতি সিএজি মহোদয় (কর্পোরেশনের একজন সম্মানিত ঋণ গ্রহীতা) বিএইচবিএফসি'র গ্রাহকদের রিপেমেন্টের ক্ষেত্রে রিয়াল টাইম সেবা প্রদান বিষয়ে তাঁর আগ্রহ প্রকাশ করেন। সে প্রেক্ষিতে কর্পোরেশনের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ রাষ্ট্রায়ত্ব সোনালী ব্যাংক লি. (এসবিএল)-এর ই-সেবা পেমেন্ট গেটওয়ে ব্যবহার করে রিয়াল টাইম রিপেমেন্ট পন্থা প্রবর্তনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন। এর ফলে, ব্যাংকের কাউন্টারে সরাসরি অর্থ জমার গতানুগতিক ধারার পরিবর্তে ডিজিটাল পদ্ধতি প্রবর্তন হতে যাচ্ছে।

এ ব্যবস্থায় বিএইচবিএফসি'র ঋণ গ্রহীতা ও সেবা প্রত্যাশীগণ এখন থেকে ঘরে বসে অনলাইনে যে কোনও সময় ঋণের মাসিক কিস্তি এবং যে কোন জমা সম্পর্কে তাৎক্ষণিক সমন্বয় করতে পারবেন।

প্রচলিত পন্থায় বিএইচবিএফসি সোনালী ব্যাংকসহ দেশের বেশ কয়েকটি বানিজ্যিক ব্যাংকের নির্দিষ্ট কয়েক'শ শাখায় কর্পোরেশনের সংগ্রহ হিসাবসমূহে রিপেমেন্টের টাকাসহ মূল্য ও ফি এর অর্থ গ্রহণ করে থাকে। এ পদ্ধতিতে গ্রাহক ও সেবাপ্রার্থীর জমাকৃত অর্থ গতানুগতিক ব্যাংকিং আনুষ্ঠানিকতার পর বিএইচবিএফসি'র হিসাবে আসে। এর ফলে গ্রাহকের হিসাবে জমার তথ্যের প্রতিফলনসহ সেবা প্রদান অনিবার্যভাবেই বিলম্বিত হয়। ব্যাংকসমূহের শাখা কার্যালয় থেকে গ্রাহকের জমার স্লিপ, স্টেটমেন্ট-ইত্যাদি সংগ্রহের ক্ষেত্রে প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের শ্রমঘন্টা এবং প্রতিষ্ঠানের অর্থও খরচ হয়।

অনলাইন জমা প্রদান ব্যবস্থায় সোনালী ই-সেবা পেমেন্ট গেটওয়েতে প্রবেশ করে যে কোন গ্রাহক ও সেবাপ্রার্থী নিজ নাম, ঋণ হিসাব নম্বর, মোবাইল নম্বর, শাখা অফিসের নাম এবং টাকার পরিমাণ উল্লেখ করে নিজের একাউন্ট থেকে অর্থ স্থানান্তরের অথবা বিভিন্ন মোবাইল এ্যাপস/ওয়ালেট ও ডেবিট/ক্রেডিট কার্ড-এর মাধ্যমে এ জমা সম্পন্ন করতে পারবেন। অতি সহজ এ পদ্ধতিতে অর্থ পরিশোধের সাথে সাথে প্রমানক হিসেবে জমাকারী প্রিন্ট করে নেয়ার অপশনসহ অটো জেনারেটেড একটি কাস্টমার'স ভাউচার-এর সফটকপি পেয়ে যাবেন। একই সাথে বিএইচবিএফসি'র তরফ থেকে অর্থ প্রাপ্তির স্বীকৃতিসূচক ক্ষুদে বার্তা (এসএমএস) প্রেরণ করা হবে।

বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশের প্রতিশ্রুতি বাস্তবায়নে চালু হতে যাওয়া ই-পেমেন্ট সিস্টেম বিএইচবিএফসি'র গ্রাহক সেবার মানোন্নয়নে এক অনন্য মাইলফলক হিসেবে চিহ্নিত হবে।

# মাননীয় প্রধানমন্ত্রীর জন্মদিনে দোয়া ও মোনাজাত




মোনাজাতপূর্ব আলোচনায় ব্যবস্থাপনা পরিচালক (ডান থেকে তৃতীয়) ও তিন মহাব্যবস্থাপক

গত ২৮ সেপ্টেম্বর অপরাহ্ন ৫টায় বিএইচবিএফসি সদর দফতরস্থ প্রশিক্ষণ কেন্দ্রে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র ৭৫-তম শুভ জন্মদিন উপলক্ষ্যে এক বিশেষ দোয়া মাহফিল ও মোনাজাত অনুষ্ঠিত হয়। কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আফজাল করিম দোয়া মাহফিল ও মোনাজাত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। প্রতিষ্ঠানের সকল মহাব্যবস্থাপক, সদর দফতরের সকল উপমহাব্যবস্থাপকসহ সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারিবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। বিএইচবিএফসি সদর দফতরস্থ বিভিন্ন সংগঠনের প্রতিনিধিবৃন্দও দোয়া মাহফিল ও মোনাজাতে অংশ নেন। মোনাজাতকালে মাননীয় প্রধানমন্ত্রীর সুস্থতা ও দীর্ঘায়ু কামনা করা হয়।

মোনাজাত পূর্ব সংক্ষিপ্ত আলোচনায় ব্যবস্থাপনা পরিচালক মাননীয় প্রধানমন্ত্রীকে বঙ্গবন্ধুর রক্ত ও স্বপ্ন-আদর্শের উত্তরাধিকার মর্মে অভিহিত করেন। তিনি শেখ হাসিনার শাসনামলে ব্যাপক উন্নয়ন কর্মকান্ড এবং বিশ্বব্যাপী তাঁর স্বীকৃতির প্রসঙ্গেও কথা বলেন।

# মতবিনিময় সভা ঃ সাফল্যে সন্তোষ ও অর্জন অব্যাহত রাখার প্রত্যয়

২০২০-২০২১ অর্থবছরে অর্জিত এযাবৎকালের সেরা সাফল্য ও চলতি অর্থবছরে এ ধারা অব্যাহত রাখা প্রসঙ্গে এক মতবিনিময় সভা গত ৬ জুলাই ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আফজাল করিম-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। বিএইচবিএফসি পরিচালনা পর্ষদ সভাকক্ষ হতে বেলা ১১টায় এ সভা শুরু হয়। প্রতিষ্ঠানের সকল মহাব্যবস্থাপক, সদর দফতরে কর্মরত উপমহাব্যবস্থাপক, বিভাগীয় প্রধান ও সভা আয়োজনকারী কর্মকর্তাবৃন্দ সভাকক্ষে উপস্থিত ছিলেন। প্রতিষ্ঠানের সকল জোনাল, রিজিওনাল ও শাখা ব্যবস্থাপকসহ সর্বস্তরের কর্মকর্তাবৃন্দ ভার্চুয়ালি সভায় সংযুক্ত ছিলেন।

গেল অর্থবছরে বিএইচবিএফসি অর্জন নির্দেশক অধিকাংশ সূচকে এযাবৎকালের সেরা সাফল্য অর্জনে সক্ষম হয়। এ বছর ঋণ মঞ্জুরী, ঋণ বিতরণ, মোট ঋণ আদায় এবং শ্রেণীকৃত ঋণ আদায়ে অর্জিত সাফল্য অতীতের যেকোনও সময় অপেক্ষা বেশি। নিম্ন আদালতে বিচারাধীন খেলাপী ঋণ আদায়ের মামলা এবং বানিজ্যিক অডিট আপত্তি নিষ্পত্তিতেও সাফল্য সাম্প্রতিক বছরসমূহের তুলনায় উল্লেখযোগ্য সংখ্যায় বেশি। এ সাফল্য তুলে ধরে দেশের বহুল প্রচারিত বিভিন্ন জাতীয় সংবাদপত্র ও অনলাইন নিউজ পোর্টালে প্রতিবেদন ও সংবাদ প্রচারের পর বিভিন্ন মহল থেকে কর্তৃপক্ষকে অভিনন্দন জানানো হয়।



পর্ষদ সভাকক্ষে সভার সভাপতি হিসেবে বক্তব্যরত ব্যবস্থাপনা পরিচালক

প্রতিষ্ঠানের এ সাফল্যের পেছনে বছরব্যাপী নিরন্তর কাজ করে যাওয়া সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীদের শুভেচ্ছা ও অভিনন্দন জানানো এবং সাফল্যের এ ধারা ধরে রাখতে পরিকল্পনা ও কৌশল বিষয়ে আলোচনার্থে এ মতবিনিময় সভার আয়োজন করা হয়। ব্যবস্থাপনা পরিচালক তাঁর বক্তব্যকালে এ সাফল্য অর্জনের ক্ষেত্রে সহযোগিতা প্রদানের জন্য কর্পোরেশন পরিচালনা পর্ষদকে ধন্যবাদ জানান ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। একই সাথে তিনি এ অর্জনের পেছনে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সংশ্লিষ্ট নির্বাহীদের পরামর্শ, নির্দেশনা ও সর্বাত্মক সহযোগিতার জন্য তাঁদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

# বিএইচবিএফসি ও ইসলামী ব্যাংক-এর মধ্যে গ্রাহক সেবা চুক্তি স্বাক্ষরিত




প্রধান অতিথি (সর্বডানে) হিসেবে বক্তব্য রাখেন ড. সেলিম উদ্দন, এফসিএ, এফসিএমএ

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (বিএইচবিএফসি) ও ইসলামী ব্যাংক বাংলাদেশ লি. (আইবিবিএল) এর মধ্যে গ্রাহক সেবা সংক্রান্ত এক চুক্তি স্বাক্ষর সম্পন্ন হয়েছে। গত ১৮ আগস্ট, রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালের কৃষ্টাল বল রুমে এ চুক্তি স্বাক্ষর সম্পন্ন হয়। বিএইচবিএফসি পরিচালনা পর্ষদের চেয়ারম্যান প্রফেসর ড. মো. সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ প্রধান অতিথি হিসেবে এ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আফজাল করিম ও আইবিবিএল'র অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব মুহাম্মদ কায়সার আলী। আইবিবিএল-এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. ওমর ফারুক খান অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন। আইবিবিএল'র ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব মুহাম্মদ মনিরুল মওলা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বিএইচবিএফসি'র রুরাল এন্ড পেরি আরবান হাউজিং ফাইনান্স প্রজেক্টের 'মনজিল' প্রকল্পের ব্যাংকিং কার্যক্রম পরিচালনা সংক্রান্ত চুক্তি স্বাক্ষর সম্পন্ন হয়। কর্পোরেশনের এ প্রকল্পের প্রকল্প পরিচালক ও মহাব্যবস্থাপক জনাব মো. আতিকুল ইসলাম বিএইচবিএফসি'র পক্ষে চুক্তিতে সই করেন। অনুষ্ঠানে বিএইচবিএফসি ও আইবিবিএল-এর নির্বাহীবৃন্দ ও কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

# শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২: অর্জন অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত



সভাপতি হিসেবে বক্তব্যরত জনাব মো. আফজাল করিম (মাঝে)

গত ১৬ সেপ্টম্বর পূর্বাহ্ন সাড়ে ১১ টায় পর্ষদ সভাকক্ষে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর প্রথম ত্রৈমাসিকের অর্জন অগ্রগতি পর্যালোচনার্থে এক সভা অনুষ্ঠিত হয়। কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আফজাল করিম সভায় সভাপতিত্ব করেন। প্রতিষ্ঠানের সকল মহাব্যবস্থাপক, বিভিন্ন বিভাগের উপমহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান এবং অনুষ্ঠান আয়োজনকারী কর্মকর্তাবৃন্দ এসময় উপস্থিত ছিলেন। সকল জোনাল, রিজিওনাল ও শাখা অফিসের ব্যবস্থাপকগণ সভায় ভার্চুয়ালি সংযুক্ত ছিলেন।

সভার শুরুতে চলতি অর্থবছরের প্রথম ত্রৈমাসিকের এ অবধি নির্দেশিত কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেওয়া হয় এবং অবশিষ্ট সময়ের মধ্যে সকল কর্মসূচি বাস্তবায়ন নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা দেয়া হয়। সভাপতির বক্তব্যে ব্যবস্থাপনা পরিচালক ২০২০-২০২১ অর্থবছরে দেশের সকল আর্থিক প্রতিষ্ঠানসমুহের মধ্যে বিএইচবিএফসি'র এপিএ-তে ১ম স্থান অর্জন করায় সকলকে অভিনন্দন জানান। সকলের সম্মিলিত প্রচেষ্টায় এ অর্জন সম্ভব হয়েছে মর্মে তিনি উল্লেখ করেন। অর্জনের ক্ষেত্রে ভবিষ্যতে বিএইচবিএফসি প্রতিনিয়ত নিজেকে ছাড়িয়ে যাবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। অবশেষে তিনি প্রাতিষ্ঠানিক পর্যায়ে শুদ্ধাচার প্রতিষ্ঠার প্রয়োজনীয়তা বিষয়ে বক্তব্য রাখেন এবং গৃহীত কর্ম-পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করতে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করেন।

# এপিএ বাস্তবায়নে বিএইচবিএফসি পুনরায় প্রথম

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (এফআইডি)-এর আওতাধীন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নে নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান ক্যাটাগরীতে এবারও প্রথম স্থান অধিকার করেছে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন। ২০২০-২০২১ অর্থবছরের এপিএ বিষয়ক বার্ষিক পরিবীক্ষণ ও মূল্যায়নে অতি উত্তম মান-সূচকে প্রতিষ্ঠানটি এ কৃতিত্ব অর্জন করে। সম্প্রতি এফআইডি থেকে এপিএ'র ফলাফল ঘোষণার পাশাপাশি কৃতিত্বপূর্ণ এ অর্জনের জন্য বিএইচবিএফসি কর্তৃপক্ষকে অভিনন্দন জানানো হয়। এফআইডি'র অধীন একটি নিয়ন্ত্রক প্রতিষ্ঠান ও ১৭টি ব্যাংক, বীমা ও ব্যাংক বহির্ভূত আর্থিক প্রতিষ্ঠানের সাথে এ চুক্তি সম্পাদিত হয়েছিল। এফআইডি'র মূল্যায়নে বিএইচবিএফসি সর্বোচ্চ ৯২ দশমিক ৮০ নম্বর পেয়ে এ গৌরব অর্জন করে। প্রতিষ্ঠানটির ব্যবসায় নির্দেশক অধিকাংশ সূচকে এ বছর এ যাবৎকালের সেরা সাফল্যের পাশাপাশি এপিএ- তে প্রথম স্থান অর্জিত হলো।

সরকার ঘোষিত এপিএ ও শুদ্ধাচার বাস্তবায়নকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে বিএইচবিএফসি ব্যবস্থাপনা পরিচালক মো. আফজাল করিম নিজে এর পরিপালন ও বাস্তবায়ন অগ্রগতি তদারক করেন। তাঁর নেতৃত্বে সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীদের অক্লান্ত প্রচেষ্টায় এ শ্রেষ্ঠত্ব অর্জন প্রতিষ্ঠানটির ধারাবাহিক উন্নতির বার্তা বহন করে। উল্লেখ্য, এপিএ-তে বিএইচবিএফসি অতি উত্তম মান-সূচকে এ নিয়ে টানা দ্বিতীয় বারের মতো প্রথম স্থান অধিকার করলো।

এপিএ-তে অনন্য এ অর্জনের জন্য ব্যবস্থাপনা পরিচালক পরিচালনা পর্ষদ চেয়ারম্যান প্রফেসর ড. মো. সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ এবং এফআইডি'র সংশ্লিষ্ট নির্বাহীবৃন্দ, কর্পোরেশন পরিচালনা পর্ষদ এবং বিএইচবিএফসি'র সর্বস্তরের কর্মকর্তা কর্মচারীদের কৃতজ্ঞতা ও অভিনন্দন জানান।



ব্যবস্থাপনা ও পরিচালনা কর্তৃপক্ষের কেক কেটে অর্জন উদযাপন

প্রতিষ্ঠানের এ অর্জন উদযাপনার্থে গত ২১ সেপ্টেম্বর কর্পোরেশনের পর্ষদ সভাকক্ষে এক সংক্ষিপ্ত অনুষ্ঠানের আয়োজন করা হয়। পর্ষদের ৫০৪-তম সভা শুরুর প্রাক্কালে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে পর্ষদ চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, পর্ষদের সাবেক ও বর্তমান তিন পরিচালক, উর্ধ্বতন নির্বাহীবৃন্দ এবং সর্বস্তরের উল্লেখযোগ্য সংখ্যক কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে কেক কেটে এ অর্জন উদযাপন করা হয়। পর্ষদ চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক ও পরিচালকবৃন্দ উর্ধ্বতন নির্বাহীদের সাথে নিয়ে কেক কাটেন। এ উপলক্ষ্যে সংক্ষিপ্ত বক্তব্যে চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক এ অর্জনের কৃতিত্ব সকল কর্মকর্তা-কর্মচারীদের অক্লান্ত আন্তরিক পরিশ্রমের ফসল উল্লেখ করে আগামীতেও তা ধরে রাখার জন্য সংশ্লিষ্টদের প্রতি আহবান জানান।

# অংশীজনদের অংশগ্রহণে মতবিনিময় সভা অনুষ্ঠিত

গত ১৬ সেপ্টেম্বর দুপুর ১২ টায় বিএইচবিএফসি পর্ষদ সভাকক্ষ থেকে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদের অংশগ্রহণে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। বিএইচবিএফসি ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আফজাল করিম সভায় সভাপতিত্ব করেন। কর্পোরেশনের সকল মহাব্যবস্থাপক, বিভিন্ন বিভাগের উপমহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধানগণসহ অনুষ্ঠান আয়োজক কর্মকর্তাবৃন্দ সভাকক্ষে উপস্থিত ছিলেন। ভার্চুয়াল প্ল্যাটফরম ব্যবহার করে অনুষ্ঠিত এ সভায় জোনাল, রিজিওনাল ও শাখা ব্যবস্থাপকবৃন্দ এবং উল্লেখযোগ্য সংখ্যক সম্মানিত ঋণ ও সেবাগ্রহীতা অনলাইনে যুক্ত ছিলেন।

সুশাসন প্রতিষ্ঠায় সেবাগ্রহীতা-অংশীজনের সন্তুষ্টি সরকারের সর্বোচ্চ অগ্রাধিকারের অন্যতম। বিষয়টির গুরুত্ব বিবেচনায় সেবাদানকারী প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে জাতীয় শুদ্ধাচার কৌশল-এর আওতায় সুশাসন প্রতিষ্ঠায় সেবা সহজীকরণসহ নানা অনুশাসনের বাস্তবায়ন বাধ্যতামূলক। সেবাগ্রহণ প্রক্রিয়ায় অংশীজনদের অভিজ্ঞতা, মূল্যায়ন ও মতামত গ্রহণ ব্যতিরেকে সুশাসন প্রতিষ্ঠা সম্ভব নয়। বিএইচবিএফসি ব্যবস্থাপনা কর্তৃপক্ষ অংশীজন-প্রতিক্রিয়াকে সুশাসন প্রতিষ্ঠার অন্যতম পূর্বশর্ত হিসেবে গণ্য করে। সভাপতির বক্তব্যে জনাব মো. আফজাল করিম এসব বিষয়সহ সুশাসন




প্রতিষ্ঠার নানাবিধ বিষয় নিয়ে কথা বলেন। তিনি গ্রাহক সেবার মান বৃদ্ধির লক্ষ্যে সকলকে দ্রুততা এবং শুদ্ধতার সাথে কাজ করার নির্দেশ দেন। এ প্রসঙ্গে তিনি শীঘ্রই শুরু হতে যাওয়া ঋণসেবা তথা গ্রাহকসেবা মাসে গ্রাহক সন্তুষ্টির বিষয়টিকে মূল উপজীব্য হিসেবে উল্লেখ করেন। এসময় তিনি ঋণ ও সেবাগ্রহীতাদের বিভিন্ন প্রকার মূল্য ও ফি জমা এবং রিপেমেন্ট সহজীকরণে রিয়াল টাইম অনলাইন পদ্ধতি প্রবর্তনের বিষয়টিও তুলে ধরেন। এ সময় তিনি কর্পোরেশনের সার্বিক সেবা বিষয়ে ঋণ ও সেবাগ্রহীতাদের অভিজ্ঞতা ও মতামত গ্রহণ করেন। উল্লেখ্য, বিভিন্ন শাখা অফিস থেকে উল্লেখযোগ্য সংখ্যক সেবাগ্রহীতা ভার্চুয়ালি ব্যবস্থাপনা পরিচালকের সাথে কথা বলেন। সভায় অংশগ্রহণ ও মূল্যবান পরামর্শের জন্য ব্যবস্থাপনা পরিচালক তাঁদের ধন্যবাদ জানান।

## 'ইলেকট্রনিক হোম লোন সিস্টেম শীর্ষক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন



প্রধান অতিথি হিসেবে বক্তব্যরত ব্যবস্থাপনা পরিচালক (ডানে)

গত ২০ আগস্ট শুক্রবার বিএইচবিএফসি প্রশিক্ষণ কেন্দ্রে 'ইলেকট্রনিক হোম লোন সিস্টেম (ইএইচএলএস)' শীর্ষক দু'দিনের এক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করা হয়। কর্পোরেশনের ট্রেনিং ইনস্টিটিউট আয়োজিত এ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আফজাল করিম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কোর্সটির শুভ উদ্বোধন করেন। প্রতিষ্ঠানের প্রশিক্ষণ-আইন-খরিদাবাড়ি ব্যবস্থাপনা-সাধারণ সেবা মহাবিভাগের মহাব্যবস্থাপক জনাব প্রলয় কুমার ভট্টাচার্য্য অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। প্রশিক্ষণ ইনস্টিটিউট ও আইসিটি বিভাগের ডিজিএম, ইএইচএলএস সফটওয়্যার নির্মাণকারী প্রতিষ্ঠান ইরা ইনফো টেক লি. এর প্রতিনিধি ও সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ এসময় উপস্থিত ছিলেন।

সিস্টেম ডিজিটাইজেশনের মাধ্যমে কর্পোরেশনের ঋণ সেবা সহজিকরণের জন্য নির্মিত ইএইচএলএস সফটওয়্যার এর তিনটি মডিউলের পরীক্ষামূলক ব্যবহার শুরু হয়েছে। এ ক্ষেত্রে সরাসরি সম্পৃক্ত কর্মকর্তাদের প্রশিক্ষিত করার জন্য আয়োজিত তৃতীয়তম কোর্স এটি। সদর দফতর আইন বিভাগের বিভিন্ন পর্যায়ের কয়েকজন কর্মকর্তাসহ ঢাকা ও চট্টগ্রামস্থ জোনাল ও শাখা অফিসের ব্যবস্থাপক, এসব অফিসের আইন, প্রকৌশল ও ঋণ সংশ্লিষ্ট মোট ১৯ জন কর্মকর্তা কোর্সে প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন।

## 'কর্মকর্তা-কর্মচারীদের অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফ্টওয়্যার' শীর্ষক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত

গত ২৬ সেপ্টেম্বর কর্পোরেশনের সদর দফতরস্থ প্রশিক্ষণ কেন্দ্রে 'কর্মকর্তা-কর্মচারীদের অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও Grievance Redress System (GRS) সফ্টওয়্যার' শীর্ষক একদিনের এক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করা হয়। প্রধান অতিথি হিসেবে এ কোর্সের শুভ উদ্বোধন করেন কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আফজাল করিম। মহাব্যবস্থাপক (প্রশিক্ষণ) জনাব প্রলয় কুমার ভট্টাচার্য্য-এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে প্রশিক্ষণ ইনস্টিটিউটের উপমহাব্যবস্থাপক জনাব নিপু রাণী মিত্র শুভেচ্ছা বক্তব্য রাখেন। প্রশিক্ষণ কোর্সটিতে প্রতিষ্ঠানের ১০ম ও তদুর্ধ্ব গ্রেডের মোট ২৪জন কর্মকর্তা প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানের প্রধান অতিথি ও ব্যবস্থাপনা পরিচালক সরকারি কর্মচারীদের জবাবদিহিতা ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রবর্তিত জিআরএস এবং বাংলাদেশে এর প্রয়োগ বিষয়ে তথ্যপূর্ণ বক্তব্য রাখেন। এসময় তিনি অভিযোগ প্রতিকার ব্যবস্থাসহ শুদ্ধাচার ও সেবা বিষয়ে কর্মকর্তাদের জ্ঞান ও দক্ষতাবৃদ্ধির আহবান জানিয়ে কোর্সটির সাফল্য কামনা করে এর শুভ উদ্বোধন ঘোষণা করেন।



## 'সেবা প্রধান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা' শীর্ষক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত



গত ২৭ সেপ্টেম্বর কর্পোরেশনের সদর দফতরস্থ প্রশিক্ষণ কেন্দ্রে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা' শীর্ষক এক দিনের এক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কোর্সটির শুভ উদ্বোধন ঘোষণা করেন কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আফজাল করিম। মহাব্যবস্থাপক (প্রশিক্ষণ) জনাব প্রলয় কুমার ভট্টাচার্য এবং এ বিভাগের উপমহাব্যবস্থাপক জনাব নিপু রানী মিত্র এ সময় উপস্থিত ছিলেন। প্রশিক্ষণ কোর্সটিতে প্রতিষ্ঠানের ১০ম ও তদুর্ধ্ব গ্রেডের মোট ২৪ জন কর্মকর্তা প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন। উদ্বোধনী বক্তব্যে ব্যবস্থাপনা পরিচালক সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন পরিকল্পনা-এর ভূমিকা, উদ্দেশ্য, গুরুত্ব, প্রাসঙ্গিক নাগরিক সেবা, সেবা প্রক্রিয়ায় স্বচ্ছতা ও জবাবদিহিতা, প্রতিশ্রুত সেবাসমূহ ও জনসন্তুষ্টির বিষয়াবলী উত্থাপন করে প্রতিষ্ঠানের সার্বিক সেবা পরিস্থিতির উন্নয়নে প্রশিক্ষণার্থীদের অবদান রাখার আহবান জানান।

## '৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয়' শীর্ষক কর্মশালা উদ্বোধন

গত ৩০ সেপ্টেম্বর কর্পোরেশন প্রশিক্ষণ কেন্দ্রে '৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয়' শীর্ষক একদিনের এক কর্মশালার উদ্বোধন করা হয়। প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আফজাল করিম উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে কর্মশালাটির শুভ উদ্বোধন ঘোষণা করেন। উদ্বোধনী অনুষ্ঠানে সরকারের এটুআই কর্মসূচীর জাতীয় পরামর্শক জনাব গোলাম মোহাম্মদ ভূঁইয়া, কর্পোরেশনের মহাব্যবস্থাপকবৃন্দ এবং বিভিন্ন বিভাগের উপমহাব্যবস্থাপকবৃন্দ উপস্থিত ছিলেন। প্রশিক্ষণ ইনস্টিটিউটের মহাব্যবস্থাপক জনাব প্রলয় কুমার ভট্টাচার্য্য উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

ব্যবস্থাপনা পরিচালক কর্মশালাটি উদ্বোধনের প্রাক্কালে সংক্ষিপ্ত বক্তব্যে ৪র্থ শিল্প বিপ্লব, এর প্রকৃতি, বাস্তবতা, চ্যালেঞ্জ ও এক্ষেত্রে করণীয়-ইত্যাদি বিষয়ে তথ্যপূর্ণ বক্তব্য রাখেন। তিনি ৪র্থ শিল্প বিপ্লবের গতিময় পরিবর্তন প্রবাহের সাথে তাল মিলিয়ে চলার যোগ্যতা অর্জন এবং এর চ্যালেঞ্জসমূহ সম্পর্কে পরিস্কার ধারণা গ্রহণের লক্ষ্যে কর্মশালাটিকে অত্যন্ত গুরুত্বপূর্ণ মর্মে অভিহিত করেন।



# তিন মাসে পরিচালনা পর্ষদের চারটি সভা অনুষ্ঠিত

চলতি অর্থবছরের প্রথম তিন মাসে বিএইচবিএফসি পরিচালনা পর্ষদের মোট চারটি গুরুত্বপূর্ণ সভা অনুষ্ঠিত হয়েছে। এর মধ্যে গত ২১ সেপ্টেম্বর অনুষ্ঠিত সভাটি কর্পোরেশনের সদর দফতরস্থ বোর্ডরুমে অনুষ্ঠিত হয়। এর আগে ৯ সেপ্টেম্বর, ১০ আগস্ট ও ১৫ জুলাই তারিখে পর্ষদের ৩টি সভা ভার্চুয়াল প্লাটফর্মে অনুষ্ঠিত হয়েছে। সবকটি সভায় সভাপতিত্ব করেন পর্ষদের সম্মানিত চেয়ারম্যান প্রফেসর ড. মো. সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ। কর্পোরেশনের প্রায় প্রতিটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত ও কর্মসূচী বিষয়ে পরিচালনা পর্ষদের অনুমোদন গ্রহণ করা হয়। নিজ নিজ ক্ষেত্রে প্রথিতযশা ব্যক্তিত্বদের সমন্বয়ে গঠিত বিএইচবিএফসি'র বর্তমান পরিচালনা পর্ষদ অত্যন্ত দক্ষ ও সহযোগিতাপরায়ণ একটি কর্তৃপক্ষ। করোনা মহামারিজনিত বিরুদ্ধ পরিস্থিতিতেও পর্ষদের অব্যহত সহযোগিতা ও দিক নির্দেশনার ফলে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সফলতা অর্জনের পথ সুগম হয়েছে।



সশরীর উপস্থিতিতে পর্ষদ সভা



ভার্চুয়াল পর্ষদ সভা (প্রথমে পর্ষদ চেয়ারম্যান)

# পর্ষদ অডিট কমিটির ৪৪-তম সভা অনুষ্ঠিত



সভাপতি প্রফেসর ড. মো. হুমায়ুন কবীর চৌধুরী'র(মাঝে) নেতৃত্বে কমিটির সভা

গত ২ সেপ্টেম্বর বিএইচবিএফসি পর্ষদ সভাকক্ষে পর্ষদ অডিট কমিটির ৪৪-তম সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কর্পোরেশনের পরিচালনা পর্ষদের সম্মানিত পরিচালক ড. মো. হুমায়ুন কবীর চৌধুরী, প্রফেসর, মার্কেটিং বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়। পর্ষদের পরিচালক জনাব নীলুফার আহমেদ, মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী (সচিব), প্রধানমন্ত্রীর কার্যালয়, ভার্চুয়ালি সভায় অংশ গ্রহণ করেন। পর্ষদের পরিচালক জনাব তপন কুমার ঘোষ, সাবেক উপ-ব্যবস্থাপনা পরিচালক, জনতা ব্যাংক লি.; ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আফজাল করিমসহ সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক ও উপমহাব্যবস্থাপকবৃন্দ সভায় অংশগ্রহণ করেন।

# স্ট্যান্ডিং কমিটির সভা অনুষ্ঠিত

গত ৩০ সেপ্টেম্বর, বৃহস্পতিবার অপরাহ্ন ৫টায় কর্পোরেশনের স্ট্যান্ডিং কমিটির ৫৫-তম সভা বিএইচবিএফসি পর্ষদ সভাকক্ষে অনুষ্ঠিত হয়। ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আফজাল করিম মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় কর্পোরেশনের সকল মহাব্যবস্থাপকবৃন্দ ও কমিটির সকল সদস্য উপস্থিত ছিলেন। এছাড়াও, সকল বিভাগের উপমহাব্যবস্থাপকবৃন্দ সভায় যোগদান করেন।

সভায় সাধারণ সেবা বিভাগের ২টি, হিসাব ও অর্থ বিভাগের ২টি এবং প্রশাসন ও প্রকৌশল বিভাগের ১টি করে সর্বমোট ৬টি গুরুত্বপূর্ণ এজেন্ডার উপর বিশ্লেষণধর্মী বিস্তারিত আলোচনা হয়। আলোচনা পর্বে বিভাগীয় প্রধানগণ কর্তৃক উত্থাপিত প্রতিটি বিষয়ে উপস্থিত সকলের আলোচনা ও মতামত মূল্যায়নান্তে ব্যবস্থাপনা পরিচালক সিদ্ধান্ত প্রদান করেন।



ব্যবস্থাপনা পরিচালক (মাঝে) -এর সভাপতিত্বে স্ট্যান্ডিং কমিটির সভা

# সাবেক পরিচালকের বিদায় সংবর্ধনা

গত ২১ সেপ্টেম্বর অপরাহ্ণ ৩টায় বিএইচবিএফসি পরিচালনা পর্ষদ সভাকক্ষে পর্ষদের সম্মানিত চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ এর সভাপতিত্বে এক বিদায় সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। কর্পোরেশনের পরিচালনা পর্ষদের সাবেক পরিচালক ও অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ জনাব মো. মনিরুজ্জামান এর সম্মানে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। সভায় পরিচালনা পর্ষদের পরিচালক জনাব নীলুফার আহমেদ, মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী (সচিব), প্রধানমন্ত্রীর কার্যালয়; ড. মো. হুমায়ুন কবীর চৌধুরী, প্রফেসর, মার্কেটিং বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়; জনাব তপন কুমার ঘোষ, সাবেক উপ-ব্যবস্থাপনা পরিচালক, জনতা ব্যাংক লিমিটেড এবং বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আফজাল করিমসহ প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট মহাব্যবস্থাপকবৃন্দ অংশগ্রহণ করেন।



সংবর্ধিত পরিচালক (বাম থেকে চতুর্থ) কে ফুলেল শুভেচ্ছা

# একশত নয় কর্মকর্তার পদোন্নতি

গত ২১ সেপ্টেম্বর পরিচালনা পর্ষদের ৫০৪-তম সভার সিদ্ধান্ত মোতাবেক কর্পোরেশনের সহকারী মহাব্যবস্থাপক হতে অফিসার সমপর্যায়ের ১০৯ জন কর্মকর্তাকে পদোন্নতি প্রদান করা হয়। এ পদোন্নতির ফলে ১১জন উপমহাব্যবস্থাপক পদে, ১১ জন সহকারী মহাব্যবস্থাপক পদে, ৪০ জন সিনিয়র প্রিন্সিপাল অফিসার পদে, ৪১ জন প্রিন্সিপাল অফিসার পদে, ৩ জন নির্বাহী প্রকৌশলী পদে এবং ৩ জন সিনিয়র অফিসার পদে পদোন্নতি পান। পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ এজন্য পরিচালনা ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

# জুলাই-সেপ্টেম্বর ২০২১ প্রান্তিকে অবসরোত্তর ছুটিতে গেলেন যারা



নাম ঃ মো. শফিউল আলম
পদবী ঃ উপমহাব্যবস্থাপক
পি.এফ নং ঃ ৭৭২
সর্বশেষ কর্মস্থল ঃ জোনাল অফিস, ঢাকা উত্তর
অবসর গ্রহণের তারিখ ঃ ১ জুলাই ২০২১ খ্রি.



নাম ঃ মো. মহিদুর রহমান
পদবী ঃ সিনিয়র প্রিন্সিপাল অফিসার
পি.এফ নং ঃ ৭৯৩
সর্বশেষ কর্মস্থল ঃ ঋণ বিভাগ, সদর দফতর, ঢাকা
অবসর গ্রহণের তারিখ ঃ



নাম ঃ মো. নবীবুর রহমান
পদবী ঃ অফিস সহায়ক
পি.এফ নং ঃ ৭৮১
সর্বশেষ কর্মস্থল ঃ শাখা অফিস, সাভার
অবসর গ্রহণের তারিখ ঃ ১ জুলাই ২০২১খ্রি.

# এফআইডি সচিব মহোদয়ের সভাপতিত্বে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত

গত ২৯ সেপ্টেম্বর বেলা ১১টায় চলতি অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সুষ্ঠু বাস্তবায়নে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (এফআইডি)-এর আয়োজনে নৈতিকতা কমিটির এক গুরুত্বপূর্ণ সভা অনুষ্ঠিত হয়। এফআইডি'র সম্মানিত সচিব জনাব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ মহোদয় এর সভাপতিতে ভার্চুয়াল প্লাটফরমে অনুষ্ঠিত এ সভায় এ বিভাগের আওতাধীন সকল দপ্তর ও সংস্থার নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ অংশগ্রহণ করেন। বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আফজাল করিম সভায় যুক্ত হয়ে কর্পোরেশনের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বিষয়ে গৃহীত ব্যবস্থাদি উল্লেখ করে তথ্যপূর্ণ প্রাঞ্জল বক্তব্য রাখেন। এফআইডি'র জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত ফোকাল পয়েন্ট ও যুগ্মসচিব জনাব মৃত্যুঞ্জয় সাহা সভাটি সঞ্চালনা করেন।

সচিব মহোদয় শোষণ ও বঞ্চনাহীন সমৃদ্ধ স্বাধীন-সার্বভৌম বাংলাদেশের অভ্যুদয় প্রসঙ্গ বর্তমান সরকারের নেতৃত্বে দেশের সর্বাঙ্গীন উন্নয়ন এবং এক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রীর অর্জন সম্পর্কে দৃষ্টান্ত উপস্থাপন করেন। তিনি সরকার ঘোষিত বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নে নিজ নিজ অবস্থান থেকে সকলকে আন্তরিক প্রচেষ্টা চালানোর আহবান জানান। এসময় তিনি শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে ন্যায়পরায়ণ সেবা ব্যবস্থা প্রতিষ্ঠার মধ্যদিয়ে নতুন আলোয় আলোকিত জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা গড়ার প্রত্যয় গ্রহণের জন্য সকলের প্রতি আহবান জানান।

বিএইচবিএফসি'র এমডি শুদ্ধচার কর্মপরিকল্পনা বাস্তবায়নে গৃহীত বিভিন্ন ব্যবস্থার আওতায় প্রতিষ্ঠানের সিটিজেন চার্টারের মানোন্নয়ন, এজন্য একটি পরিবীক্ষণ কমিটি গঠন,



ভার্চুয়াল সভায় এফআই ডি সচিব (বাঁ-এ প্রথম) ও বিএইচবিএফসি এমডি

হালনাগাদকরণ এবং এর ব্যাপক প্রচারে বিষয়টি সবিস্তার বর্ণনা করেন। এসময় তিনি কর্পোরেশনের গ্রাহক ও সেবাপ্রার্থীর উপস্থিতিতে নিয়মিত গণশুনানী অনুষ্ঠানের তথ্য তুলে ধরেন। এছাড়াও বিভিন্ন মাধ্যমে অভিযোগ গ্রহণ, অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং নাগরিকের সুপারিশাদি আমলে নেয়ার বিষয়েও তিনি বিশদ বর্ণনা প্রদান করেন। সবশেষে তিনি বিএইচবিএফসি-তে সর্বোচ্চ স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার মাধ্যমে সর্বোত্তম সেবা বিতরণ এবং সচিব মহোদয়ের নির্দেশনার যথাযথ বাস্তবায়ন বিষয়ে তাঁর প্রতিশ্রুতি ব্যক্ত করেন। সচিব মহোদয় কর্পোরেশনের গণশুনানী কার্যক্রমের প্রশংসা করে এজন্য ব্যবস্থাপনা পরিচালককে ধন্যবাদ জানান।

# ঋণ সেবা মাস উদ্বোধন



উদ্বোধনী অনুষ্ঠানে ব্যবস্থাপনা পরিচালক (মাঝে) সহ উর্ধ্বতন নির্বাহীবৃন্দ

গত ২৬ সেপ্টেম্বর 'ঋণ সেবা মাস পালন' শীর্ষক মাসব্যাপী এক বিশেষ কর্মসূচীর উদ্বোধন করা হয়। ঋণ মঞ্জুরী, ঋণ বিতরণ, ঋণ আদায়, মামলা নিস্পত্তি ও ঋণ পরিশোধকারীদের দলিলপত্র ফেরৎ প্রদানের সুনির্দিষ্ট লক্ষ্য অর্জন তথা সার্বিক সেবা বিতরণে সুস্পষ্ট উন্নয়ন অর্জনের জন্য অক্টোবর' ২১ মাসের ২৮ তারিখ পর্যন্ত এ বিশেষ কর্মসূচী গ্রহণ করা হয়েছে। কর্পোরেশন পরিচালনা পর্ষদ সভাকক্ষ থেকে প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক ও সভার সভাপতি জনাব মো. আফজাল করিম ঋণ সেবা মাসের আনুষ্ঠানিক শুভ উদ্বোধন ঘোষণা করেন। উদ্বোধনী অনুষ্ঠানে কর্পোরেশনের সকল মহাব্যবস্থাপকবৃন্দ এবং ঋণ বিভাগের উপমহাব্যবস্থাপক সভাকক্ষে উপস্থিত ছিলেন। সকল বিভাগীয় প্রধান উপমহাব্যবস্থাপক, জোনাল, রিজিওনাল ও শাখা ব্যবস্থাপকবৃন্দ সভায় ভার্চুয়ালি যুক্ত ছিলেন।

অনুষ্ঠানে ব্যবস্থাপনা পরিচালক অতি সম্প্রতি পদোন্নতি প্রাপ্ত ১০৯জন কর্মকর্তাকেসহ এপিএতে পুনরায় প্রথম হওয়ায় সকলকে অভিনন্দন জানান। ঋণ সেবা মাসের মূল আলোচনায় তিনি ঋণের প্রবাহ বৃদ্ধি, ঋণ আদায়, মামলা নিস্পত্তি, দলিলপত্র ফেরৎসহ ব্যবসায়সূচক সকল ক্ষেত্রে লক্ষ্য অর্জনের পথে গ্রাহক সন্তুষ্টিকে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদানের বিষয়ে নির্দেশনা প্রদান করেন।


প্রধান পৃষ্ঠপোষক ঃ **মো. আফজাল করিম,** ব্যবস্থাপনা পরিচালক

সম্পাদক মন্ডলী ঃ **অরুন কুমার চৌধুরী,** মহাব্যবস্থাপক, ঋণ-পিএইচআরডি-পূর্বাঞ্চল মহাবিভাগ
**মুহাম্মদ জহিরুল ইসলাম,** উপমহাব্যবস্থাপক (পিএইচআরডি)
**মো. বদিউজ্জামান,** উপমহাব্যবস্থাপক (মার্কেটিং এণ্ড ডেভেলপমেন্ট)
**মো. রফিকুল ইসলাম,** প্রিন্সিপাল অফিসার (ট্রেনিং ইনস্টিটিউট)
**মো. ইমতিয়াজুল ইসলাম,** সিনিয়র অফিসার (পিএইচআরডি)

প্রকাশনা ঃ পরিকল্পনা ও মানবসম্পদ উন্নয়ন বিভাগ, বিএইচবিএফসি, ২২, পুরানা পল্টন, ঢাকা-১০০০
info@bhbfc.gov.bd, web : www.bhbfc.gov.bd